

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৬৩৫.০২.০৪১.২৩ নথির বিষয়: সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগে ব্যবহৃত যানবাহন এবং ঘাস কাটার মেশিনের অনুকূলে জ্বালানী ক্রয়ের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগে ব্যবহৃত যানবাহন এবং ঘাস কাটার মেশিনের অনুকূলে জ্বালানী ক্রয়ের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৯/১২/২৩ ৪:১৯ অপরাহ্ন

সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরীতে সরবরাহ করা হয়। সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের ৩০০০ সিসির পিক-আপ গাড়ী (ঢাকা মেট্রো ম-১১-৬৮৫৩) দ্বারা পানি পরিশোধন এর জন্য প্রতিনিয়ত সারুলিয়া পাম্পিং স্টেশনের পাম্প-মোটর, ডিএন্ডডি খালের এরিয়েটরের রক্ষণাবেক্ষণ, শীতলক্ষা নদী ও ডিএনডি খালের পানির নমুনা সংগ্রহ এবং সারুলিয়া পাম্পিং স্টেশনে শিফট ডিউটিতে কর্মরত অপারেটরদের আনা নেয়ার জন্য প্রভৃতি কাজে ব্যবহৃত হচ্ছে। উল্লেখিত কাজে পিক-আপ গাড়ীটি দৈনিক ৬ বার যাওয়া-আসা করে এবং সায়েদাবাদ পানি শোধনাগার প্ল্যান্ট থেকে সারুলিয়া পাম্পিং স্টেশন ও ডিএন্ডডি খালের দূরত্ব প্রায় ৮ কি.মি.। সে অনুযায়ী, পিকআপ গাড়ীটি দৈনিক ৬ টি ট্রিপ হিসেবে প্রতি মাসে কম বেশি ১৮০ টি ট্রিপে অন্তত $(৩০ \times ৬ \times ৮ \times ২) = ২,৮৮০$ কি,মি রাস্তা অতিক্রম করে। অপরদিকে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের প্ল্যান্ট এরিয়ার বিভিন্ন খোলা চত্তরে ঘাস ও আগাছা পরিষ্কার করার জন্য ০৩ (তিন) টি ঘাস কাটার মেশিন রয়েছে। যার জ্বালানী হিসেবে অকটেন ব্যবহৃত হয়। এক্ষেত্রে প্রতি মাসে কম বেশি ১৫০ লিটার অকটেন প্রয়োজন হয়। গত ২৫/১১/২০২৩ ইং হতে ১৭/১২/২০২৩ ইং পর্যন্ত সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের যানবাহন ও ০৩ (তিন) টি ঘাস কাটার মেশিনের জ্বালানী ক্রয় বাবদ একটি প্রাক্কলন তৈরি করা হ'ল (ক্রঃ নং-০৩)। প্রাক্কলিত টাকার পরিমাণ টাঃ ২৩,৮০০/- (তেইশ হাজার আটশত) মাত্র। যার ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-২৩৬ ও প্যাকেজ নং-UUGW-16 (Cash Advance for direct cash purchase/ physical services, PPR Rule 81(1)) খাত মোকাবেলা সাপাশো ফেজ-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের তৈল ও জ্বালানী (যানবাহন) খাত হতে বহন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):



- ১। ১। সাপাশো ফেজ-২ এর অনুকূলে ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং বাজেট বরাদ্দের অনুলিপি।
- ২। ২। ওয়েবসাইট হতে প্রাপ্ত বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক অনুমোদিত জ্বালানী দরের কপি।
- ৩। ৩। আলোচ্য কাজের প্রাক্কলন (খরচের হিসাব)।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৯/১২/২৩ ৪:১৯ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগে ব্যবহৃত যানবাহন এবং ঘাস কাটার মেশিনের অনুকূলে জ্বালানী ক্রয় কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৩,৮০০/- (তেইশ হাজার আটশত) মাত্রের প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান



নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৯/১২/২৩ ৪:২২ অপরাহ্ন সৈয়দ আহমাদ আলী এডমিন ও প্রসেস কো- অর্ডিনেটর সায়োদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ	১৯/১২/২৩ ৪:২৩ অপরাহ্ন মোঃ হাসিনুর রহমান ডেপুটি মেইনটেনেন্স ম্যানেজার সায়োদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ	১৯/১২/২৩ ৪:২৭ অপরাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	১৯/১২/২৩ ৪:২৭ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৯/১২/২৩ ৯:২৮ অপরাহ্ন

অনুমোদিত

			
১৯/১২/২৩ ৯:২৮ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৯/১২/২৩ ১০:৪৮ অপরাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২০/১২/২৩ ১১:৩৮ পূর্বাহ্ন মোঃ হাসিনুর রহমান ডেপুটি মেইনটেনেন্স ম্যানেজার সায়োদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ	২০/১২/২৩ ১১:৩৮ পূর্বাহ্ন সৈয়দ আহমাদ আলী এডমিন ও প্রসেস কো- অর্ডিনেটর সায়োদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ